

## KgñPxi bvg

সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের জন্য বিশেষ ঋণ কর্মসূচী।

## FY Avte` b wdt

ব্যাংকের বিধি মোতাবেক ঋণ আবেদন ফি ব্যতীত অন্য কোন ফি প্রযোজ্য হবে না।

## FY c0M3i thM'Zvt

- সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকা হতে হবে;
- রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের ঋণ প্রদানকারী শাখার মাধ্যমে আবেদনকারীর বেতন-ভাতাদি প্রদেয় হবে;
- সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে;
- চাকুরীর বয়স কমপক্ষে ০৩ (তিন) বৎসর হতে হবে এবং এলপিআরসহ চাকুরীর মেয়াদ কমপক্ষে ০৩ (তিন) বৎসর থাকতে হবে;
- মাসিক বেতন/আয়ের এক-তৃতীয়াংশ ব্যতীত ঋণের কিস্তি সংকুলান হতে হবে।

## FfYi wmwj st

সর্বোচ্চ ০১ (এক) বছরের মূল বেতনের সমপরিমাণ, তবে ৬০,০০০/- (ষাট হাজার) টাকার উর্ধে নয়।

## wbivcEv dvUt

ঋণ বিতরণকারী শাখায় ঋণগ্রহীতা নিরাপত্তা ফান্ড শিরোনামে একটি পৃথক সঞ্চয়ী হিসাব খুলে মঞ্জুরীকৃত ঋণের ১০% টাকা উক্ত হিসাবে জমা করবেন। এ ছাড়াও ঋণগ্রহীতার বেতন থেকে প্রতি মাসে ৩০০/- থেকে ১০০০/- টাকা পর্যন্ত (ঋণ গ্রহীতার ইচ্ছানুসারে প্রতি মাসে সমপরিমাণ) উক্ত হিসাবে স্থানান্তর /জমা করা হবে। এভাবে ঋণ গ্রহীতার জন্য একটি নিরাপত্তা ফান্ড গড়ে তোলা হবে। এ হিসাবটি ব্যাংকের নিকট লিখেন থাকবে এবং ঋণের টাকা সম্পূর্ণ পরিশোধ না হওয়া পর্যন্ত এ হিসাব থেকে কোন টাকা উত্তোলন করা যাবে না। এ হিসাবটিতে সঞ্চয়ী আমানতের জন্য প্রযোজ্য হারে সুদ প্রদান করা হবে। এ হিসাবের স্থিতি ২০,০০০/- টাকা হওয়ার পর ঋণ গ্রহীতা উক্ত টাকা দিয়ে শাখায় একটি স্থায়ী আমানতের রিপারীতে ব্যাংকের বিধি মোতাবেক পৃথকভাবে ঋণ নিতে পারবেন।

## mff` l nvit

বার্ষিক ১১% ফ্যুট রেটে সুদ চার্জ করা হবে যা ব্যাংকের সুদ নীতিমালা অনুযায়ী সময় পরিবর্তনযোগ্য।

## FY weZiY c×wZt

ঋণগ্রহীতার সঞ্চয়ী হিসাবের মাধ্যমে মঞ্জুরীকৃত ঋণ প্রদান করা হবে এবং মঞ্জুরীকৃত ঋণের ১০% এর সমপরিমাণ টাকা নিরাপত্তা ফান্ড হিসাবে জমা রাখা হবে।

## FfYi tgqv` t

ঋণ বিতরণের তারিখ হতে সর্বোচ্চ ২৪ মাস(গ্রেস পিরিয়ড সহ)

## FY cwi`kva c×wZt

ঋণ বিতরণের পরবর্তী মাস থেকে শুরু করে সর্বোচ্চ ২৪টি মাসিক কিস্তিতে ঋণ (সুদ ও আসল) পরিশোধযোগ্য। প্রতি মাসের ১০ তারিখের মধ্যে মাসিক কিস্তি পরিশোধ করতে হবে। ঋণ পরিশোধের জন্য দলিলায়নকালে ঋণগ্রহীতা কর্তৃক যথাযথভাবে স্বাক্ষরিত ২৪টি অগ্রীম তারিখের চেক (Post dated cheque) শাখায় জমা দিতে হবে।

➤ বিস্তারিত তথ্যের জন্য নিকটস্থ শাখায় যোগাযোগ করুন